# ধান গবেষণা সমাচার

BRRI NEWSLETTER

চৌত্রিশ বর্ষ সংখ্যা ৪ কার্তিক-পৌষ ১৪৩১ October-December 2024


## দেশের জন্য ব্রি'র অবদান সবচেয়ে বেশি: কৃষি উপদেষ্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) দেশের কৃষি জমি রক্ষায় গুরুত্বারোপ করে বলেছেন, কৃষি জমি নষ্ট করা যাবে না। প্রয়োজন হলে বহুতল ভবন নির্মাণের পরামর্শ দেন তিনি। তিনি আরও বলেন, দেশের জন্য সবচেয়ে বেশি অবদান ব্রি'র। ০৮ অক্টোবর ২০২৪ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শনকালে ব্রি মিলনায়তনে আয়োজিত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

মতবিনিময় সভায় তিনি ব্রি'র বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকদের বিভিন্ন বক্তব্য মনোযোগ ও বাকী অংশ পৃষ্ঠা ৬



*ব্রি'র খামার যন্ত্রপাতি ও ফলোনোত্তর প্রযুক্তি বিভাগের গবেষণা ওয়ার্কশপ পরিদর্শন করেন মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.)*

## BRRI Contributes Most to the Country: Agriculture Adviser

The Honourable Agriculture Adviser of the Government of the People's Republic of Bangladesh, Lieutenant General Md. Jahangir Alam Chowdhury (Retd.), emphasized the importance of protecting agricultural land, stating that farmland must not be destroyed under any circumstances. If necessary, he suggested constructing multi-storey buildings to ensure proper land use. He further stated that the Bangladesh Rice Research Institute (BRRI) has made the greatest contribution to the country. *See page 5*

## ব্রিতে মহান বিজয় দিবস উদ্‌যাপন

যথাযোগ্য মর্যাদা ও নানা কর্মসূচির মধ্য দিয়ে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-এ ১৬ ডিসেম্বর ২০২৪ মহান বিজয় দিবস উদ্‌যাপিত হয়েছে।

দিবসটি উপলক্ষে ভোরে গাজীপুরস্থ ব্রি সদর দপ্তরের প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর এক সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন। সভায় সভাপতিত্ব করেন ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের সিএসও ও প্রধান ড. মো. শহীদুল ইসলাম। বাকী অংশ পৃষ্ঠা ২



*বেলুন উড়িয়ে মহান বিজয় দিবস ২০২৪ উপলক্ষে আয়োজিত বহিরাঙ্গণ ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন করেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান*

## BRRI Celebrates Victory Day

The Victory Day was celebrated on 16 December 2024 at the Bangladesh Rice Research Institute (BRRI) with due dignity and various programmes.

On this occasion, the national flag was hoisted at dawn in front of the administrative building at BRRI headquarters in Gazipur. A brief discussion meeting was held afterward, where the Director General of BRRI, Dr. Mohammad Khalequzzaman, attended as the *See page 4*

# বাংলাদেশ বিজ্ঞান একাডেমী 'স্বর্ণ পদক' পেলেন ড. মো. আব্দুল লতিফ




বাংলাদেশ একাডেমী অফ সায়েন্সেস (বিএএস) আয়োজিত অনুষ্ঠানে ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ এর হাতে 'বিএএস-জাতীয় অধ্যাপক ড. এম ইন্নাস আলী মেমোরিয়াল গোল্ড মেডেল পুরস্কার ২০২১' তুলে দেন অতিথিবৃন্দ

দেশের বিশিষ্ট কৃষি বিজ্ঞানী, ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ বাংলাদেশ বিজ্ঞান একাডেমী (বাংলাদেশ একাডেমী অফ সায়েন্সেস-বিএএস) স্বর্ণ পদক পুরস্কার পেয়েছেন। ৯ নভেম্বর ২০২৪ ঢাকায় এক অনুষ্ঠানে তাঁর হাতে 'বিএএস-জাতীয় অধ্যাপক ড. এম ইন্নাস আলী মেমোরিয়াল গোল্ড মেডেল পুরস্কার ২০২১' তুলে দেয়া হয়। জীব বিজ্ঞানের ক্ষেত্রে অসামান্য কৃতিত্ব ও অবদানের জন্য তাকে এ পুরস্কার প্রদান করা হয়।

রাজধানীর আগারগাঁওস্থ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্সে আয়োজিত স্বর্ণ পদক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের ইউজিন হিগিন্স অধ্যাপক ড. এম জাহিদ হাসান। সভাপতিত্ব করেন বিএএস এর প্রেসিডেন্ট ইমেরিটাস অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী। এ সময় বিএএস সচিব অধ্যাপক ড. হাসিনা খান উপস্থিত ছিলেন।

ড. মো. আব্দুল লতিফ ১৯৬৫ সালে বগুড়া জেলার ধুনট উপজেলার চৌকিবাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। *বাকী অংশ পৃষ্ঠা ৬*

# BRRI Director Dr. Md. Abdul Latif gets BAS Gold Medal

Director (Administration and Common Service) of Bangladesh Rice Research Institute (BRRI) has received Bangladesh Academy of Sciences (BAS) Gold Medal (BAS-National Professor Dr. M. Innas Ali Memorial Gold Medal Award 2021) On 9 November 2024 for his outstanding achievement and valuable contribution to the field of biological sciences. A Gold Medal Award Ceremony was organized at the National Science and Technology Complex in Agargaon, Dhaka. President of BAS Emeritus Prof Dr. A K Azad Chowdhury presided over the function while Eugene Higgins Professor of Physics, Princeton University, USA Dr. M. Zahid Hasan was present as the chief guest. BAS Secretary Prof. Dr. Haseena Khan was also present on the occasion.

Renowned Agricultural Scientist of the country Dr. Md Abdul Latif was born in 1965 in Chowkibari Village of Dhanut Upazila of the Bogura district. *See page 6*

# হাওর অঞ্চলের ধানের জাত উন্নয়ন

(৫ম পৃষ্ঠার পর)

প্রকল্পের প্রধান ড. মোহাম্মদ রফিকুল ইসলাম গত চার বছরের প্রকল্পের অগ্রগতি উপস্থাপন করেন। ব্রি'র মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রকল্পের প্রধান (ব্রি অংশ) ড. পার্থ সারথী বিশ্বাস প্রকল্পের চতুর্থ বছরের (২০২৩-২৪) কার্যক্রম ও গবেষণার ফলাফল এবং পরবর্তী বছরের (২০২৪-২৫) কর্মপরিকল্পনা উপস্থাপন করেন।

কর্মশালায় জানানো হয় যে, এ প্রকল্পের মাধ্যমে গত চার বছরে মোট ১১৫টি ক্রস নিশ্চিত করা হয়েছে। র‍্যাপিড জেনারেশন অ্যাডভান্সমেন্ট (RGA)-এর মাধ্যমে ৭৩,৩৬০টি কৌলিক সারি ($F_2$–$F_5$) উদ্ভাবন করা হয়েছে এবং ট্রায়ালের মাধ্যমে ১১,৯৭২টি ফিক্সড লাইন মূল্যায়ন করা হয়েছে।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান বলেন, ব্রি উদ্ভাবিত একটি অগ্রগামী সারি হাওর অঞ্চলের বিভিন্ন পরীক্ষায় ভালো ফলাফল দেখিয়েছে। ভবিষ্যতে এটি হাওর অঞ্চলের জন্য স্বল্পমেয়াদী ঠান্ডা-সহনশীল ধানের জাত হিসেবে অবমুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে, যা দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

তিনি এমন একটি গুরুত্বপূর্ণ প্রকল্পে অর্থায়নের জন্য কেজিএফ-কে ধন্যবাদ জানান। এছাড়াও তিনি প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট বিজ্ঞানী, গবেষক এবং সম্প্রসারণ কর্মীদের ধন্যবাদ জানান এবং উল্লেখযোগ্য ফলাফল অর্জনের লক্ষ্যে ভবিষ্যৎ পরিকল্পনায় এ কর্মশালা থেকে প্রাপ্ত সুপারিশসমূহ অন্তর্ভুক্ত করার ওপর গুরুত্বারোপ করেন।

# বিজয় দিবস উদ্‌যাপন

(১ম পৃষ্ঠার পর)

পরে মহান মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয় এবং উপস্থিতদের মধ্যে মিষ্টি বিতরণ করা হয়। এরপর ব্রি মাঠে মহান বিজয় দিবস উপলক্ষে বহিরাঙ্গণ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন মহাপরিচালক। একইসঙ্গে ব্রি'র অবসরপ্রাপ্ত ও কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হয়।

উল্লিখিত কর্মসূচিতে ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানম, মহান বিজয় দিবস উদ্‌যাপন কমিটির সদস্য সচিব ড. মো. আনোয়ারুল হকসহ বিভাগীয় ও শাখা প্রধানগণ, বিভিন্ন সংগঠনের প্রতিনিধি, বিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারী, শ্রমিক এবং বি আর আর আই উচ্চ বিদ্যালয় ও ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

বিজয় দিবস উপলক্ষে ব্রি জামে মসজিদে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। পাশাপাশি মন্দির, গির্জা ও প্যাগোডায় বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়। প্রধান কার্যালয়ের সামনে মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এছাড়া ব্রি হেফজখানায় উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

এদিকে মহান বিজয় দিবস উপলক্ষে ব্রি সদর দপ্তরের গুরুত্বপূর্ণ ভবন ও সড়কসমূহে তিন দিনব্যাপী আলোকসজ্জা করা হয়। পাশাপাশি অফিস এলাকার সড়কদ্বীপগুলো বিভিন্ন রঙের পতাকা দিয়ে সজ্জিত করা হয়।

# ব্রিতে নবান্ন উৎসব ১৪৩১ উদ্‌যাপন




নবান্ন উৎসব ১৪৩১ উপলক্ষে বক্তব্য রাখছেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান

নানা আয়োজনে ০২ অগ্রহায়ণ ১৪৩১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) নবান্ন উৎসব উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষে সকালে গাজীপুরস্থ ব্রি'র প্রশাসনিক ভবনের সামনে বেলুন উড়িয়ে নবান্ন উৎসবের উদ্বোধন করেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। পরে সংক্ষিপ্ত আলোচনা সভা শেষে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে ব্রি'র সদর দপ্তরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে অতিথিবৃন্দ মাঠে ধান কাটার উৎসবে অংশগ্রহণ করেন।

ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ব্রি নবান্ন উৎসব আয়োজন কমিটির সদস্য সচিব এবং শস্যমান ও পুষ্টি বিভাগের প্রধান ড. মো. আনোয়ারুল হক। অন্যান্যের মধ্যে ব্রি'র বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিক প্রতিনিধিবৃন্দ বক্তব্য রাখেন।

পরে নবান্ন উৎসব উপলক্ষে ব্রির সকল বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের মাঝে পিঠা ও পায়েস বিতরণ করা হয়।

# BRRI Celebrates Nabanna Utsab 1431

The Bangladesh Rice Research Institute (BRRI) celebrated the Nabanna Utsab 1431 with various programmes on 02 Agrahayan 1431.

BRRI Director General Dr. Mohammad Khalequzzaman inaugurated the Utsab by releasing balloons in front of the administrative building at BRRI headquarters in Gazipur. A brief discussion meeting also held on the occasion.

BRRI Director General attended the discussion meeting as chief guest. BRRI Director (Administration and Common Service), Dr. Md. Abdul Latif presided over the discussion meeting while Head of the Grain Quality and Nutrition Division and Member Secretary of the Nabanna Utsab Organizing Committee Dr. Md. Anwarul Haque addressed as special guest. Scientists, officers, staff, and worker representatives of BRRI also *See page 6*

# ব্রিতে ব্রিডার বীজ বিতরণ উদ্বোধন




উদ্বোধনী অনুষ্ঠানে বীজ বিতরণ করছেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) কৌলিসম্পদ ও বীজ বিভাগের (জিআরএস) আয়োজনে ২৮ অক্টোবর ২০২৪ বোরো ২০২৪-২৫ মওসুমের ব্রিডার বীজ বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বীজ বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জিআরএস বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. পার্থ সারথী বিশ্বাস। এ সময় জিআরএস বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মীর শরফ উদ্দিন আহমেদসহ বিভাগের বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. ইবনে সৈয়দ মো. হারুনুর রশিদ।

বীজ বিতরণ কার্যক্রম ১০ নভেম্বর ২০২৪ পর্যন্ত চলে। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) সহ মোট ৬৪৯ জন সিড ডিলারের মাঝে ১৩৬ টন ব্রিডার বীজ বিতরণ করা হয়। এর মধ্যে বিএডিসিকে দেয়া হয়েছে ২৬ টন। এসব বীজ থেকে তারা বোরো মওসুমে ভিত্তি বীজ উৎপাদন করবে।

# BRRI Inaugurates Breeder Seed Distribution

The Genetic Resource and Seed (GRS) Division of the Bangladesh Rice Research Institute (BRRI) organized a breeder seed distribution programme for the Boro 2024–25 season on 28 October 2024.

BRRI Director General Dr. Mohammad Khalequzzaman, inaugurated the breeder seed distribution programme as the chief guest. BRRI Director (Administration and Common Service) Dr. Md. Abdul Latif, was present as special guest. The Chief Scientific Officer and Head of the GRS Division, Dr. Partha Sarathi Biswas presided over the function.

Principal Scientific Officer of the GRS Division, Dr. Mir Sharaf Uddin Ahmed, along with other scientists of the division were present on the occasion. Senior Scientific Officer of GRS Division Dr. Ibne Sayed Md. Harunur Rashid moderated the programme.

The seed distribution programme *See page 5*

# BRRI Celebrates Victory Day













(After page 1)

chief guest. The meeting was chaired by the Chief Scientific Officer and Head of the Agronomy Division, Dr. Md. Shahidul Islam.

Later, a special prayer was offered seeking eternal peace for the souls of the martyrs of the Liberation War, followed by the distribution of sweets. An outdoor sports competition was inaugurated at the BRRI playground by the Director General. Retired and serving freedom fighters of BRRI were also honoured during the occasion.

Among others present were Director (Administration and Common Service) Dr. Md. Abdul Latif, Coordinator of Advance Studies and Research Dr. Munnujan Khanam, Member Secretary of the Victory Day Celebration Committee Dr. Md. Anwarul Haque, along with divisional and sectional heads, representatives of various organizations, scientists, officers, staff, workers, and teachers and students of B R R I High School and BRRI Pragati Primary School.

On the occasion of Victory Day, a prayer and milad mahfil was arranged at the BRRI Jame Mosque. Special prayers were also held at temples, churches, and pagodas. A documentary on the Liberation War was screened in front of the main office, followed by a cultural programme. Improved meals were also served at the BRRI Hifzkhana.

Meanwhile, as part of the Victory Day celebrations, important buildings and roads of the BRRI headquarters were illuminated for three days. The road islands within the office area were also decorated with colourful flags.

## হাওর অঞ্চলের ধানের জাত উন্নয়ন শীর্ষক প্রকল্পের গবেষণা অগ্রগতি ও কর্মপরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত



*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান*

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-এর আয়োজনে "হাওর অঞ্চলের জন্য স্বল্পমেয়াদী ঠান্ডা-সহনশীল ধানের জাত উন্নয়ন" শীর্ষক প্রকল্পের গবেষণা অগ্রগতি ও কর্মপরিকল্পনা বিষয়ক কর্মশালা ০৩ অক্টোবর ২০২৪, ব্রি সদর দপ্তরের প্রশিক্ষণ ভবনে অনুষ্ঠিত হয়েছে। কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ)-এর অর্থায়নে ব্রি এবং আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) যৌথভাবে প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পটি ২০২০ সাল থেকে বাস্তবায়নাধীন রয়েছে এবং ২০২৫ সালে শেষ হওয়ার কথা রয়েছে।

সকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন ইরি'র কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ড. হোমনাথ ভান্ডারি। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেজিএফ-এর নির্বাহী পরিচালক ড. নাথু রাম সরকার এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেজিএফ-এর পরিচালক (শস্য ও প্রাকৃতিক সম্পদ) ড. মো. আক্কাস আলী।

কর্মশালায় ইরি'র রাইস ব্রিডার এবং *বাকী অংশ পৃষ্ঠা ২*

## Research Progress and Work Plan Workshop of Haor Rice Variety Development Project

A workshop on the research progress and future work plan of the project titled "Development of Short-Duration Cold-Tolerant Rice Varieties for Haor Areas" was held on 03 October 2024, at the Training Building of the headquarters of the Bangladesh Rice Research Institute (BRRI).

The project is jointly being implemented by BRRI and the International Rice Research Institute (IRRI) with financial support from the Krishi Gobeshona Foundation (KGF). The project has been in operation since 2020 and is scheduled to be completed in 2025.

BRRI Director General Dr. Mohammad Khalequzzaman inaugurated the workshop as chief guest in the morning. BRRI Director (Administration and Common Service) Dr. Md. Abdul Latif presided over the workshop while IRRI Country Representative Dr. Humnath Bhandari delivered the welcome address. KGF Executive Director Dr. Nathu Ram Sarker attended the workshop as *See page 6*

## BRRI Contributes Most to the Country

(After page 1)

He made these remarks on October 8, 2024, while visiting the headquarters of BRRI in Gazipur, during an exchange meeting held at its auditorium.

At the meeting, he listened attentively and patiently to the views of BRRI scientists, officers, staff, and workers, and called on everyone to work together to ensure sustainable food security.

The meeting was chaired by BRRI Director General Dr. Mohammad Khalequzzaman, who highlighted BRRI's achievements, ongoing activities, and future plans in his welcome speech.

Agriculture Secretary Dr. Mohammad Emdad Ullah Mian addressed the programme as special guest. BRRI Director (Administration and Common Service) Dr. Md. Abdul Latif gave the vote of thanks on the occasion.

The meeting was attended by heads of various organisations under the Ministry of Agriculture, senior scientists and officials of BRRI, and representatives of different active organisations.

Earlier in the morning, the Agriculture Adviser was welcomed at the BRRI headquarters by the Director General. He later visited various facilities, including research fields, the BRRI Rice Museum, the Gene Bank, FMPHT research workshop, central laboratory, and exhibition stalls of various divisions.

## Founding Anniversary

(After page 8)

congratulations to all on the occasion of the founding anniversary of BRRI. A special prayer (munajat) was offered following the discussion session. Later, Dr. Md. Abdul Latif cut the anniversary cake in front of the Administration Building.

Divisional and section heads, representatives of different organizations active in BRRI, as well as scientists, officers, employees and workers from all levels of the institute were present at the programme.

It is worth mentioning that the Bangladesh Rice Research Institute was established on 1 October 1970. Since its establishment, the institute has developed a total of 115 high-yielding rice varieties, including eight hybrid varieties.

## Breeder Seed Distribution

(After page 3)

was continued until 10 November 2024. A total of 136 tons of breeder seed distributed among 649 seed dealers, including the Bangladesh Agricultural Development Corporation, which received 26 tons. These seeds used to produce foundation seed for the Boro season.

# দেশের জন্য ব্রি'র অবদান

(১ম পৃষ্ঠার পর)

ধৈর্য্য সহকারে শোনেন এবং টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মতবিনিময় সভার সভাপতি ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান স্বাগত বক্তব্যে ব্রি'র সাফল্য, কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন। সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। ধন্যবাদ জ্ঞাপন করেন ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। সভায় কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থার প্রধানগণ, ব্রি'র জ্যেষ্ঠ বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ এবং ক্রিয়াশীল সংগঠনের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে সকালে মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) ব্রি'র সদর দপ্তরে এসে পৌঁছলে তাকে স্বাগত জানান ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। পরে কৃষি উপদেষ্টা ব্রির প্রশিক্ষণ ভবন সংলগ্ন গবেষণা মাঠ, ব্রি রাইস মিউজিয়াম, ব্রি জিন ব্যাংক, এফএমপিএইচটি গবেষণা ওয়ার্কশপ, ব্রি সেন্ট্রাল ল্যাব এবং বিভিন্ন বিভাগের স্টল পরিদর্শন করেন।

# 'স্বর্ণ পদক' পেলেন ড. মো. আব্দুল লতিফ

(২য় পৃষ্ঠার পর)

তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৭ সালে বিএসসি (এজি) সম্মান ডিগ্রি অর্জন করেন। তিনি ২০০১ সালে মালেশিয়ার পুত্রা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। বর্তমানে ড. মো. আব্দুল লতিফ বাংলাদেশের জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (এনএআরএস) এর আওতাধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহের মধ্যে অন্যতম জ্যেষ্ঠ বিজ্ঞানী। তিনি ১৯৯৩ সালে এ ইনস্টিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করে গত ৩০ বছর ধরে বিভিন্ন পদে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন। তিনি ২০১০ থেকে ২০১২ সালের জানুয়ারি পর্যন্ত মালেশিয়ার পুত্রা বিশ্ববিদ্যালয়ে পোস্ট ডক্টরাল রিসার্চসার এবং ২০১২ সালের মে থেকে ২০১৪ সাল পর্যন্ত একই বিশ্ববিদ্যালয়ে সিনিয়র রিসার্চ ফেলো হিসেবে দায়িত্ব পালন করেন। দেশ- বিদেশের খ্যাতনামা জার্নালে তার ১৭৪ টি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। গত প্রায় তিন দশকে তিনি গবেষণা সংশ্লিষ্ট কাজে জাপান, চীন, ফিলিপাইন, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, কম্বোডিয়াসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।

ব্যক্তিগত জীবনে তিনি দুই সন্তানের জনক।

# Nabanna Utsab 1431

(After page 4)

spoke on the occasion.

After the brief discussion meeting, a colourful rally was brought out, which paraded through different roads of the BRRI headquarters. After the rally, the guests participated in a ceremonial rice harvesting event in the field.

Later, as part of the Nabanna celebrations, traditional rice cakes (pitha) and sweet rice pudding (payesh) were distributed among all scientists, officers, staff, and workers of BRRI.

# Dr. Md. Abdul Latif gets BAS Gold Medal

(After page 2)

He obtained his BSc (Ag) Hons degree in 1987 from the Bangladesh Agricultural University, He completed his PhD degree on Molecular Biology in 2001 from the University of Putra Malaysia, at present, he is one of the senior scientists in National Agricultural Research System (NARS) in Bangladesh. He served as a post-doctoral researcher at the University of Putra Malaysia from 2010 to January 2012 and as a senior research fellow from May 2012 to 2014 in the same Uinversity. He has 174 research papers published in different prestigious journals home and abroad. He has visited some countries including Japan, Thailand, China, Indonesia, Combodia and Philippine in relation to his research works.

In personal life, he is blessed with two children.

# Haor Rice Variety Development

(After page 5)

the Special Guest, while Director (Crops and Natural Resources) of KGF Dr. Md. Akkas Ali was present as the Guest of Honour.

Rice Breeder of IRRI and Project Leader Dr. Mohammad Rafiqul Islam presented the progress achieved over the past four years of the project at the workshop. Chief Scientific Officer of BRRI and Project Leader (BRRI part) Dr. Partha Sarathi Biswas presented the activities and research outcomes of the fourth year (2023–2024) and the work plan for the following year (2024–2025).

It was reported in the workshop that a total of 115 crosses have been confirmed over the past four years under this project. Through Rapid Generation Advancement (RGA), 73,360 breeding lines ($F_2$–$F_5$) have been developed, and 11,972 fixed lines have been evaluated through trials.

In his speech, the Chief Guest and Director General of BRRI, Dr. Mohammad Khalequzzaman, said that a promising advanced line developed by BRRI has shown good performance in several trials in the Haor region. In the future, it is expected to be released as a short-duration cold-tolerant rice variety for Haor areas, which will contribute to ensuring the country's food and nutritional security.

He thanked KGF for financing such an important project. He also expressed his appreciation to the scientists, researchers, and extension personnel involved in the project and emphasized incorporating the recommendations from the workshop into the project's future planning in order to achieve significant outcomes.

# আলোকচিত্রে মাননীয় কৃষি উপদেষ্টার ব্রি পরিদর্শন





















**উপদেষ্টামণ্ডলী**
ড. মোহাম্মদ খালেকুজ্জামান
ড. মো. রফিকুল ইসলাম
ড. মুন্নুজান খানম

**সম্পাদনায়**
মো. রাশেল রানা
রকিব আহমেদ

**সহযোগিতায়**
সকল বিভাগীয় প্রধান ও
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

**প্রুফ রিডিং**
তাহমিনা সুলতানা

**ছবি**
মো. মাসুম রানা

**গ্রাফিক্স ডিজাইন**
রিয়াজুল ইসলাম রানা

**মুদ্রণ**
অক্ষর প্রিন্টিং প্রেস
গাজীপুর

**কপির সংখ্যা: ২,০০০**

**প্রকাশনা নম্বর: ৪৫০**

**প্রকাশকাল: নভেম্বর ২০২৫**


# ব্রি'র ৫৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত




*৫৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ নেতৃত্বে বর্ণাঢ্য র‍্যালি*

নানা আয়োজনের মধ্য দিয়ে গত ১ অক্টোবর ২০২৪, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-এর ৫৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। সকালে একটি বর্ণাঢ্য র‍্যালি ব্রি সদর দপ্তরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রশাসন ভবনের সামনে এসে শেষ হয়। পরে সেখানে একটি সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ ব্রি'র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। আলোচনা সভা শেষে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। এরপর প্রশাসন ভবনের সামনে ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন।

এ কর্মসূচিতে সকল বিভাগীয় ও শাখা প্রধানসহ ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠনের প্রতিনিধিবৃন্দ এবং সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ১৯৭০ সালের ১ অক্টোবর বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকে এ পর্যন্ত প্রতিষ্ঠানটি আটটি হাইব্রিডসহ মোট ১১৫টি উচ্চফলনশীল ধানের জাত উদ্ভাবন করেছে।

## BRRI Celebrates 54th Founding Anniversary

The 54th founding anniversary of the Bangladesh Rice Research Institute (BRRI) was celebrated on 1 October 2024, with various programmes.

A colourful rally was brought out which paraded through different roads of the BRRI headquarters and concluded in front of the Administration Building in the morning. A brief discussion meeting was held afterwards.

At the discussion meeting, Director (Administration and Common Service) of BRRI, Dr. Md. Abdul Latif, extended his greetings and

*See page 5*

## Seminar held in BRRI during October to December 2024

| Speaker | Topic | Date |
|---|---|---|
| **Md. Salman**<br>SO, Agricultural Economics Division, BRRI | Exploring the complex nexus among the multidimensional poverty, women empowerment and food security of rice farming households in rural Bangladesh. | 31 Oct |
| **Dr. Md. Shahidul Islam**<br>CSO & Head, Agronomy Division, BRRI | Ratooning in rice-Challenges and opportunities | 14 Nov |
| **Mst. Shetara Yesmin**<br>SSO, IWM Division BRRI | Synergistic Use of SAR & Optical Data for Identification of T. Aman Rice Variety in Coastal Region of BD | 21 Nov |


প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।
ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০
ই-মেইল: dg@brri.gov.bd, brrihq@yahoo.com, ওয়েবসাইট: www.brri.gov.bd, www.knowledgebank-brri.org